# দুই উপদেষ্টার দেশত্যাগের গুঞ্জন, দাবি জুলকারনাইন সায়েরের



সাংবাদিক জুলকারনাইন সায়ের। ছবি: সংগৃহীত

অন্তর্বর্তী সরকারের গুরুত্বপূর্ণ দুই উপদেষ্টা আজ ১৬ ফেব্রুয়ারি দেশ ছাড়তে পারেন—এমন তথ্য উঠে এসেছে এক ফেসবুক পোস্টে। অনুসন্ধানী সাংবাদিক জুলকারনাইন সায়ের তার পোস্টে এ দাবি করেছেন।

পোস্টে উল্লেখ করা হয়, সংশ্লিষ্ট দুই উপদেষ্টার ঘনিষ্ঠ সূত্রের বরাতে জানা গেছে—তাদের একজন দুপুর ১২টা ৫০ মিনিটের China Eastern Airlines–এর ফ্লাইটে এবং আরেকজন সন্ধ্যা ৬টা ৪৫ মিনিটের Emirates–এর ফ্লাইটে ঢাকা ত্যাগ করতে পারেন।

এছাড়া পোস্টে বলা হয়, যথাযথ অডিট ক্লিয়ারেন্স ও নিরাপত্তা ছাড়পত্র ছাড়া সংশ্লিষ্ট ব্যক্তিদের দেশত্যাগের অনুমতি দেওয়া উচিত হবে না। বিষয়টি নিয়ে সামাজিক যোগাযোগমাধ্যমে আলোচনা তৈরি হয়েছে। তবে সংশ্লিষ্টদের পক্ষ থেকে এ বিষয়ে আনুষ্ঠানিক কোনো বক্তব্য পাওয়া যায়নি।

LENS ASIA